



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

বিজ্ঞপ্তি নং- ৩৬/২০২২

তারিখঃ ০৫-১২-২০২২

বিজ্ঞপ্তি

বরাবরঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আওতাধীন সদস্য সংস্থাসমূহ।

বিষয়ঃ 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২২-২৩' এ অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২২-২৩' এর খেলা আগামী ২০২৩ সালের মার্চ মাসে আয়োজন করা হবে। বাফুফে'র সিদ্ধান্ত অনুযায়ী 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২২-২৩' এ ঢাকা জেলার অন্তর্ভুক্ত ক্লাব/সংস্থার ফুটবল দলসমূহ অংশগ্রহণ করবে। এ লক্ষ্যে যে সকল ক্লাব/সংস্থা 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২২-২৩' এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে লিখিতভাবে বাফুফে বরাবর আবেদন করার মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। একইসঙ্গে 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২২-২৩' উপলক্ষে প্রণীত নিবন্ধন ফরমে উল্লেখিত বিভিন্ন নির্ণায়কসমূহ পূরণ করা বাঞ্ছনীয় বিষয় নির্ধারিত নিবন্ধন ফরম এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, ঢাকা জেলার অন্তর্ভুক্ত যে সকল ক্লাব/সংস্থা 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২২-২৩' এ অংশগ্রহণে আগ্রহী উক্ত ক্লাব/সংস্থাসমূহকে সংযুক্ত নিবন্ধন ফরমে উল্লেখিত বিভিন্ন ডকুমেন্ট/কাগজ-পত্রাদি যথাযথভাবে সংযুক্ত/পূরণ পূর্বক আগামী ১০ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে মতিবিলম্ব বাফুফে সচিবালয় বরাবর প্রেরণ করতে হবে। এছাড়াও উক্ত প্রতিযোগিতায় ইতোপূর্বে অংশগ্রহণকারী ক্লাবসমূহকে নিবন্ধনের লক্ষ্যে উল্লেখিত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং সম্পূর্ণ নতুন ক্লাবসমূহের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা মতিবিলম্ব বাফুফে সচিবালয়ের হিসাব শাখায় জমা প্রদান করতঃ নিবন্ধন কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে'র ক্লাব লাইসেন্সিং অফিসার জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮০১৭০৮-৪৫৪৫৯৮, ই-মেইলঃ miraj.bff@gmail.com) অথবা বাফুফে'র এক্সিকিউটিভ-কম্পিটিশন্স জনাব খন্দকার রাকিবুল ইসলাম রিজভী (মোবাইলঃ +৮৮০১৬৮১-৫৫১৪২৪, ই-মেইলঃ khondkerrizvy.bff@gmail.com) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ইহা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

বাংলাদেশ ফুটবল ফেডারেশন

মহিদুর রহমান মিরাজ

সদস্য, বাফুফে

ও

ডেপুটি চেয়ারম্যান

পাইওনিয়ার ফুটবল লীগ উপ-কমিটি।



মোঃ আবু নাইম সোহাগ

সাধারণ সম্পাদক

বিতরণঃ

- ১। বাফুফে সম্মানিত সভাপতি।
- ২। সহ-সভাপতি, বাফুফে ও চেয়ারম্যান, ঢাকা মেট্রোপলিস লীগ কমিটি।
- ৩। বাফুফে কার্যনির্বাহী কমিটির সকল সদস্যবৃন্দ।
- ৪। সংশ্লিষ্ট সকল।
- ৫। বাফুফে নোটিশ বোর্ড।

সংযুক্তিঃ 'পাইওনিয়ার ফুটবল লীগ ২০২২-২৩' উপলক্ষে প্রণীত ক্লাব নিবন্ধন ফরম ১ (এক) কপি।